# খেলা



### চ্যাম্পিয়ন বার্সিলোনা

মহিলাদের চ্যাম্পিয়ন্স লিগে চ্যাম্পিয়ন হল বার্সিলোনা। শনিবার রাতে ফাইনালে তারা ২–০ হারিয়েছে লিয়ঁকে। দুটি গোলই হয়েছে দ্বিতীয়ার্ধে। প্রথম গোল করেন আইতানা বোনমাতি। খেলা শেষ হওয়ার ঠিক আগের মুহূর্তে দ্বিতীয় গোলটি করেন আলেক্সিয়া পুতেয়াস।

এশিয়ান জিমন্যাস্টিক্স



ভারতের প্রথম জিমন্যাস্ট হিসেবে এশিয়ান চ্যাম্পিয়ন হলেন দীপা।

## ভল্টে সোনা জিতে ইতিহাসে দীপা

আজকালের প্রতিবেদন

ইতিহাস গড়লেন দীপা কর্মকার। রবিবার উজবেকিস্তানের তাসখন্দে এশিয়ান জিমন্যাস্টিক্স চ্যাম্পিয়নশিপে ভল্টে সোনা জিতলেন তিনি। ভারতের প্রথম জিমন্যাস্ট হিসেবে এশিয়ান চ্যাম্পিয়ন হলেন দীপা। প্রতিযোগিতার শেষদিনে মহিলাদের ভল্টে দীপার গড় পয়েন্ট ১৩.৫৬৬। দুটি ভল্টের পর। দ্বিতীয় হয়ে রুপো জিতেছেন উত্তর কোরিয়ার কিং সন হায়াঙ (১৩.৪৬৬)। ব্রোঞ্জ পেয়েছেন জো ইয়ং বোল (১২.৯৬৬)।

তবে সোনা জিতলেও, দীপার প্যারিস অলিম্পিকে জায়গা পাওয়ার আশা শেষ। ২০১৬–র রিও অলিম্পিকে চতুর্থ হয়ে এই জিমন্যাস্ট চমকে দিয়েছিলেন। কিন্তু তারপর হাঁটুর চোট এবং ২১ মাসের নির্বাসনের জেরে কঠিন সময় কেটেছে দীপার। কিন্তু তাও হাল ছাড়েননি তিনি। স্বাভাবিকভাবে ছাত্রীর এই সাফল্যে গর্বিত দীপার দ্রোণাচার্য কোচ বিশ্বেশ্বর নন্দী। ইতিহাসের পাতায় নাম লিখিয়ে খুশি দীপাও।

## জয়ের আশা জাগিয়েও খেতাব হাতছাড়া সিন্ধুর

আজকালের প্রতিবেদন

জয়ের আশা জাগিয়েও শেষরক্ষা হল না পি ভি সিন্ধুর। মালয়েশিয়ান মাস্টার্সে রান আপ হয়েই দৌড় থামল হায়দরাবাদি কন্যার। দু'বারের অলিম্পিক পদকজয়ী সিন্ধুর সামনে ফাইনালে ছিলেন চীনের ওয়াং ঝি ওয়াই। বিশ্ব র‍্যাঙ্কিংয়ে সিন্ধু যেখানে ১৫ নম্বরে, সেখানে চীনের প্রতিযোগী রয়েছেন ৭ নম্বরে। প্রথম গেমেই ২১–১৬ ব্যবধানে এগিয়ে যান সিন্ধু। কিন্তু পরের গেমেই দারুণভাবে ঘুরে দাঁড়ান ওয়াই। দ্বিতীয় গেমে সিন্ধু কার্যত দাঁড়াতেই পারেননি। ওই গেম হাতছাড়া হয় ৫–২১ ব্যবধানে। সেইসময় মনে হচ্ছিল, সিন্ধু হয়তো ম্যাচ থেকে ক্রমশ হারিয়ে যাচ্ছেন। কিন্তু তৃতীয় গেমের শুরু থেকেই যেন চেনা ছন্দের সিন্ধু। একসময় এগিয়ে গেলেন ১১–৩ ব্যবধানে। সিন্ধুর জয় তখন যেন সময়ের অপেক্ষা। কিন্তু তারপরই ছন্দপতন। চাপের মুখে একের পর এক ভুল করতে থাকেন সিন্ধু। শেষমেশ ১৬–২১ ব্যবধানে সেই গেম হাতছাড়া হয়। অনেকটা তীরে এসে তরী ডোবার মতোই খেতাব হাতছাড়া হল সিন্ধুর।

ফাইনালে হারলেও সিন্ধু অবশ্য ততটা হতাশ নন। বরং, অলিম্পিকের আগে কিছুটা যেন আশাবাদীই শোনাল তাঁর কণ্ঠস্বর, 'সবমিলিয়ে এটা দারুণ একটা ম্যাচ। কিছুটা হতাশ ঠিকই, কিন্তু এই ম্যাচের অনেক ভাল দিক আছে। অন্তত ফাইনালে তো উঠতে পারলাম, সেটা বেশ তৃপ্তির। হারতে হল ঠিকই, কিন্তু এই টুর্নামেন্টটা অনেক আত্মবিশ্বাস দিয়ে গেল। এই ম্যাচটা হয়তো জিততে পারতাম। জেতার মতো জায়গায় ছিলামও। সেই ছন্দটা ধরে রাখতে পারলে ভাল হত। কিন্তু দিনটা হয়তো আমার ছিল না।'

২০২২ সালে কমনওয়েলথ গেমসে সোনার পাশাপাশি সিঙ্গাপুর ওপেনে খেতাব জিতেছিলেন সিন্ধু। তারপর থেকে আর কোনও খেতাব জেতেননি সিন্ধু। ২০২৩–এ মাদ্রিদ মাস্টার্সের ফাইনাল পর্যন্ত পৌঁছেছিলেন। এক বছর পর কোনও প্রতিযোগিতার ফাইনালে উঠেছিলেন সিন্ধু। কিন্তু শেষরক্ষা হল না। সিন্ধুর কথায়, 'অলিম্পিকের আগে হাতে কিছুটা সময় পাচ্ছি। কোচের সঙ্গেও আলোচনা করে নিজের ত্রুটিগুলো যতটা সম্ভব শুধরে নেওয়ার চেষ্টা করতে হবে।'



লড়াই করেও পারলেন না সিন্ধু। ছবি: পিটিআই

গোল্ডেন স্পাইক থেকে

## সরে দাঁড়ালেন নীরজ

আজকালের প্রতিবেদন

অলিম্পিকের আগে কোনও ঝুঁকি নিতে চান না। তাই, ওস্ত্রাভা গোল্ডেন স্পাইক থেকে সরে দাঁড়ালেন নীরজ চোপড়া। ২৮ মে চেক প্রজাতন্ত্রে এই প্রতিযোগিতা হওয়ার কথা। উদ্যোক্তারা জানিয়েছেন, চোটের কারণে নীরজ অংশ নিতে পারবেন না। তবে তিনি অতিথি হিসেবে হাজির থাকবেন। যদিও নীরজের দাবি, 'এই মুহূর্তে আমার কোনও চোট নেই। কিন্তু যেহেতু সামনে অলিম্পিক, তাই এখন কোনও ঝুঁকি নিতে চাইছি না। সেই কারণেই এই প্রতিযোগিতা থেকে সরে দাঁড়াতে হচ্ছে।'

মে মাসেই দুটি প্রতিযোগিতায় অংশ নিয়েছেন নীরজ। ১০ মে দোহা ডায়মন্ড লিগে ৮৮.৩৬ মিটার ছুড়ে রুপো পান অলিম্পিকে সোনাজয়ী এই জ্যাভেলিন থ্রোয়ার। ১৫ মে ভুবনেশ্বরে অনুষ্ঠিত ফেডারেশন কাপে ৮২.২৭ মিটার ছুড়েও সোনা পেয়েছেন। অলিম্পিকের আগে ১৮ জুন ফিনল্যান্ডে পাভো নুরমি গেমসে অংশ নেওয়ার কথা। প্যারিস অলিম্পিকের প্রস্তুতিতে কোনও খামতি রাখতে চাইছেন না পানিপথের এই যুবক। গোল্ডেন স্পাইকে নীরজ সরে দাঁড়ানোয় আমন্ত্রণ জানানো হয়েছে ইওরোপ চ্যাম্পিয়ন জুলিয়ান ওয়েবারকে। তাঁর সঙ্গে জোর লড়াই জ্যাকুন ভেদলেচের।



## মহমেডানে নিশ্চিত অমরজিৎ

আজকালের প্রতিবেদন

ধীরে ধীরে ভারতীয় স্কোয়াড গুছিয়ে নিচ্ছে মহমেডান স্পোর্টিং। গত বছর আই লিগ চ্যাম্পিয়ন হওয়ার পিছনে যে ভারতীয় ফুটবলারদের অবদান ছিল, তার মধ্যে ডেভিড ছাড়া প্রায় প্রত্যেকেই থেকে যাচ্ছেন। আর আইএসএলে প্রথমবার খেলার জন্য বেশ কিছু প্রতিশ্রুতিমান ভারতীয় ফুটবলারকে দলে নেওয়া হচ্ছে। মহমেডান নিশ্চিত করে ফেলল পাঞ্জাব এফসি–র যুবদলের অধিনায়ক অমরজিৎ সিং কিয়ামকে। এই সেন্ট্রাল মিডফিল্ডারের নেতৃত্বেই ২০১৭ সালে অনূর্ধ্ব ১৭ ফিফা বিশ্বকাপে মাঠে নেমেছিল ভারতীয় দল। এর আগে ইস্টবেঙ্গল জার্সিতেও খেলেছেন তিনি। শেষ আইএসএলে ১০টি ম্যাচে মাঠে নেমে ছিলেন ২৩ বছরের এই ফুটবলার। তবে সদ্য পাঞ্জাব এফসি যে রিলায়েন্স ডেভেলপমেন্ট লিগ চ্যাম্পিয়ন হল, সেই দলের অধিনায়ক ছিলেন অমরজিৎ। তিনি যোগ দেওয়ায় সাদা–কালো মাঝমাঠে অপশন বাড়ল। সঙ্গে যোগ দিয়েছেন তিন পাহাড়ি ফুটবলার রোচারজেলে, জেরেমি লালডিনপুইয়া এবং জোহারলিয়ানা। দু'জন নতুন বিদেশি ফুটবলারের সঙ্গেও কথা চালাচ্ছে মহমেডান।

## মরিয়া নেতা সুনীল, তাতাচ্ছেন সতীর্থদের

মুনাল চট্টোপাধ্যায়

ভারতীয় ফুটবল দলের কোচ ইগর স্টিমাক ইতিমধ্যেই কলকাতা ও দেশের ফুটবলপ্রেমীদের কাছে আবেদন রেখেছেন কুয়েতের বিরুদ্ধে ম্যাচে গ্যালারি ভরানোর জন্য। ভারতীয় দলের অধিনায়ক সুনীল ছেত্রিও তাই চান। দেশের জার্সিতে তাঁর শেষ ম্যাচে ভারতীয় ফুটবল সমর্থকরা গলা ফাটান প্রতিপক্ষ কুয়েতকে চাপে ফেলতে। কুয়েত সিটির মাঠে প্রি–ওয়ার্ল্ড কাপের প্রথম দফার ম্যাচে মনবীর সিংয়ের গোলে ১–০ জিতেছিল ভারত। তারপর কাতার ম্যাচে ঘরের মাঠে হার। তবে কাতার ম্যাচের ফল নিয়ে জাতীয় দলের কোচ স্টিমাকের কোনও হতাশা ছিল না। কারণ কুয়েতের বিরুদ্ধে জয় পাওয়ার পর তাঁর আশা ছিল, আফগানিস্তানের বিরুদ্ধে দু'দফার ম্যাচে ভারত অন্তত ৪ পয়েন্ট পাবে। কিন্তু সে লক্ষ্যপূরণ তো হয়ইনি, উল্টে অ্যাওয়ে ম্যাচে ড্র করে ঘরের মাঠে অপ্রত্যাশিত ১–২ গোলে হারতে হয়েছে। যা কুয়েতের বিরুদ্ধে ফিরতি ম্যাচের আগে বাড়তি চাপে ফেলেছে। সেই হারটা মাথায় রেখেই এবার দলকে তৈরি করছেন কোচ স্টিমাক।



সুনীলও শেষ ম্যাচ জিততে মরিয়া। ভুবনেশ্বরের প্রস্তুতি শিবিরে সবচেয়ে বেশি ঘাম ঝরাচ্ছেন। দেখলে মনে হবে না, ভারতীয় দলের হয়ে এটাই তাঁর শেষ ম্যাচ। তাঁর মতে, 'আফগানিস্তানের বিরুদ্ধে দুটো ম্যাচে অসংখ্য গোল মিসের খেসারত দিতে হয়েছে আমাদের। গুয়াহাটিতে ম্যাচটা অনায়াসে ৩ গোলে জিততে পারতাম। কিন্তু সুযোগের অপচয় করে নিজেদের ওপর চাপ ডেকে এনেছি। পুরো ৯০ মিনিট খেলায় নিয়ন্ত্রণ ও ধারাবাহিকতা দেখানোর ব্যাপারে আরও উন্নতি ঘটাতে হবে। যুবভারতীতে কুয়েত ম্যাচ জিতলে প্রি–ওয়ার্ল্ড কাপের তৃতীয় রাউন্ডে যাওয়ার একটা শেষ সুযোগ থাকবে।'

যুবভারতীতে এর আগে এএফসি এশিয়ান কাপ কোয়ালিফায়ার পর্বের ম্যাচ জিতে কাতারের মূল পর্বে খেলা সম্ভব হয়েছিল। নিজেদের সেরাটা দিলে এবার কুয়েতকেও হারানো সম্ভব। যেহেতু দেশের জার্সিতে এটাই তাঁর শেষ ম্যাচ, তাই নিজেকে উজাড় করে দিতে মরিয়া সুনীল। সতীর্থদের মনোভাব দেখে বুঝছেন, তাঁরাও কুয়েত ম্যাচটা জেতার জন্য মরিয়া হয়ে আছেন। তিনি সতীর্থদের প্রতি মুহূর্তে তাতাচ্ছেনও। সবচেয়ে বড় কথা, সুনীল আর না খেললেও বাকি ফুটবলারদের সামনে প্রথমবার প্রি–ওয়ার্ল্ড কাপের তৃতীয় রাউন্ডে খেলার সুযোগ মিলবে। এর ফলে ভারতীয় ফুটবলের সামনে একটা নতুন দিগন্ত খুলে যাবে।

## বিশ্বকাপে রিকার্ভে ব্যর্থ দীপিকা

আজকালের প্রতিবেদন

দক্ষিণ কোরিয়ায় তীরন্দাজি বিশ্বকাপে (স্টেজ টু) কম্পাউন্ড বিভাগে সাফল্য পেয়েছে ভারত। মহিলাদের দলগত কম্পাউন্ড বিভাগে সোনা পেয়েছিল ভারতীয় দল। রুপো এসেছিল কম্পাউন্ড মিক্সড টিম ইভেন্টে। সেখানে খালি হাতে ফিরতে হল রিকার্ভে। মহিলাদের ব্যক্তিগত রিকার্ভে সেমিফাইনালে হেরে গেলেন দীপিকা কুমারী। বিশ্বের দুই নম্বর তীরন্দাজ, দক্ষিণ কোরিয়ার লিম সিহাইওন ৬–২ ফলে হারান বিশ্বের প্রাক্তন এক নম্বর দীপিকাকে। এক মাসেরও কম সময়ে পরপর দু'বার দীপিকাকে হারালেন লিম। গত মাসে শাংহাই বিশ্বকাপে লিমের কাছেই হেরে রুপো পেয়েছিলেন ভারতীয় তারকা তীরন্দাজ। রবিবার ইয়েচেওনে ব্রোঞ্জের লড়াইয়ে বিশ্বের তিন নম্বর, মেক্সিকোর আলেজান্দ্রা ভ্যালেন্সিয়ার কাছেও হেরে যান দীপিকা। ফল ৪–৬। প্যারিস অলিম্পিকের আগে এই ফল কিছুটা হলেও চিন্তায় রাখবে দীপিকাকে।



## রোলাঁ গারোয় আজ শুরু রাফার

আজকালের প্রতিবেদন

তাঁর দখলে ২২টি গ্র্যান্ড স্লাম খেতাব। তার মধ্যে ফ্রেঞ্চ ওপেনেই জিতেছেন ১৪ বার। রোলাঁ গারোর লাল সুরকির কোর্টের সঙ্গে তাঁর আত্মিক সম্পর্ক। প্রশ্ন উঠেছে, এবারই কি শেষবারের মতো ফ্রেঞ্চ ওপেনে অংশ নিচ্ছেন রাফায়েল নাদাল? বছর সাঁইত্রিশের টেনিস কিংবদন্তিকে চোট–আঘাত ভোগাচ্ছে অনেকদিন ধরে। আজ, সোমবার প্রথম রাউন্ডে রাফা খেলবেন প্রতিযোগিতার চতুর্থ বাছাই আলেক্সান্ডার জেরেভের বিরুদ্ধে। এটাই কি আপনার শেষ ফ্রেঞ্চ ওপেন? কোর্টে নামার আগে ধোঁয়াশা রাখলেন নাদাল। হাসি মুখে বললেন, 'হতে পারে এটাই শেষ, আবার শেষ নয়। আমি চাই না কোনও বিভ্রান্তি তৈরি করতে। আপাতত আমি খেলা উপভোগ করছি। প্র্যাকটিসেও স্বাচ্ছন্দ্য বোধ করছি।'

রবিবার পুরুষ সিঙ্গলসের প্রথম রাউন্ডে সহজ জয় পেলেন কার্লোস আলকারাজ। তৃতীয় বাছাই স্প্যানিয়ার্ড ৬–১, ৬–২, ৬–১ স্ট্রেট সেটে হারিয়েছেন আমেরিকার জে জে উল্ফকে। অন্য দিকে মহিলা সিঙ্গলসের প্রথম রাউন্ডে জাপানের নাওমি ওসাকা ৬–১, ৪–৬, ৭–৫ সেটে হারান ইতালির লুসিয়া ব্রোনজেত্তিকে। শীর্ষবাছাই ইগা স্যিয়াটেক নামছেন আজ।


**গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড**
(আগে পরিচিত ছিল পুনাওয়ালা হাউজিং ফিনান্স লিমিটেড নামে)

রেজিস্টার্ড অফিস: ৬০২, সপ্তম তল, জিরো ওয়ান আইটি পার্ক, সিরিয়াল নং ৭৯/১, ঘোড়পড়ি, মানধওয়া রোড, পুনে–৪১১০৩৬, ব্রাঞ্চ অফিস ইউনিট: ৬ষ্ঠ তল, পারমার হাউজ, পি–৪, ডবসন লেন, ওয়ার্ড নং ১৪, নিউ হাওড়া ব্রিজ অ্যাপ্রোচ রোড, হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১১০১

**ই–নিলাম–বিক্রয় বিজ্ঞপ্তি**
সারফায়েসি অ্যাক্টের অধীনে সুরক্ষিত স্থাবর পরিসম্পদ বিক্রয়

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮ এবং ৯ সহ পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (উক্ত অ্যাক্ট) এর অধীনে স্থাবর সম্পদগুলির বিক্রয়ের জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ বন্ধকদাতা(গণ)/জামিনদারগণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড (আগে পরিচিত ছিল পুনাওয়ালা হাউজিং ফিনান্স লিমিটেড নামে, ১৭ নভেম্বর ২০২৩ থেকে নাম বদলিয়ে গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড হয়েছে) (তারও আগে পরিচিত ছিল ম্যাগমা হাউজিং ফিনান্স লিমিটেড নামে এবং প্রতিষ্ঠার সময় প্রকৃত নাম ছিল জিই মানি হাউজিং ফিনান্স পাবলিক আনলিমিটেড কোম্পানি)** (উক্ত অ্যাক্ট অনুসারে এখানে পরে সুরক্ষিত ঋণদাতা হিসাবে উল্লিখিত)–এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত সম্পত্তিগুলি, যা সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলের রুল ৮ এবং ৯ সহ পঠিত উক্ত অ্যাক্টের ১৩(১২) ধারাধীনে উক্ত অ্যাক্টের ধারা ১৩(২) নোটিস অনুসারে সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন।
**'যেখানে যা আছে, যেভাবে আছে এবং 'যা কিছু আছে' ভিত্তিতে ২৮.০৬.২০২৪ তারিখে সুরক্ষিত ঋণদাতার দ্বারা ই নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। এতদ্বারা জনসাধারণকে অবগত করা যাচ্ছে যে ওয়েবসাইট https://www.bankeauctions.com–এর সংস্থানে ই–নিলাম প্ল্যাটফর্মের মাধ্যমে আমরা নিলাম সম্পন্ন করতে চলেছি। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক জিএইচএফএল/সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট অর্থাৎ, www.grihumhousing.com–তে দেওয়া লিঙ্ক দেখুন।**

| ক্রম নং | প্রোপোজাল নম্বর গ্রাহকের নাম {A} | দাবি বিজ্ঞপ্তির তারিখ এবং বকেয়া অর্থাঙ্ক {B} | দখলের প্রকৃতি {C} | সম্পত্তির বিবরণ {D} | সংরক্ষণ মূল্য {E} | ইএমডি (সংরক্ষণ মূল্যের ১০%) {F} | ইএমডি জমার শেষ তারিখ {G} | বিড বাড়ানোর মূল্য {H} | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় {I} | নিলামের তারিখ ও সময় {J} | জানা দায়/ আদালতের মামলা (যদি থাকে) {K} |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | লোন নং HF/0264/H/20/100087 দীনেশ প্রসাদ (ঋণগ্রহীতা) ইন্দ্রসানি দেবী (সহ ঋণগ্রহীতা) | বিজ্ঞপ্তির তারিখ: ০৭.০২.২০২৪, মোট বকেয়া ₹ ৭১৪০৪১.৮৬/– (সাত লক্ষ চোদ্দো হাজার একচল্লিশ টাকা ও ছিয়াশি পয়সা মাত্র) ০৭.০২.২০২৪ অনুযায়ী প্রদেয় সহ পরিশোধ পর্যন্ত বার্ষিক ১০% হারে সুদ | বাস্তবিক | প্রতিভা অ্যাপার্টমেন্টের গ্রাউন্ড ফ্লোরে দক্ষিণ পশ্চিম দিকে ফ্ল্যাট নং জি ০৩–এর সকল অপরিহার্য অংশ, হোল্ডিং নং ২২, রাজা রামমোহন সরণি, কুমিরজোলা রোড, মৌজা– শ্রীরামপুর জে এল নং ১৩, এল আর দাগ নং ২২৯০, এল আর খতিয়ান নং ৭১৩৪/১, থানা– শ্রীরামপুর, এডিএম ২৭৬ বর্গফুট, শ্রীরামপুর টকিজ, পিন কোড–৭১২২০৩। চৌহদ্দি এইরূপে:— পূর্বে: সিঁড়ি, পশ্চিমে: খোলা সাধারণ স্থান, উত্তরে: করিডর এবং অন্য ফ্ল্যাট, দক্ষিণে: খোলা সাধারণ স্থান। | ₹ ৬,৫২,০৫০/– (ছয় লক্ষ বাহান্ন হাজার পঞ্চাশ টাকা মাত্র) | ₹ ৬৫,২০৫/– (পঁয়ষট্টি হাজার দুইশো পাঁচ টাকা মাত্র) | ২৭.০৬.২০২৪ বিকেল ৫টার পূর্বে। | ১০,০০০/– | ২১.০৬.২০২৪ (সকাল ১১টা–বিকেল ৪টে) | ২৮.০৬.২০২৪ (সকাল ১১টা–দুপুর ২টো) | শূন্য |

নিজেদের বিড জমা দেওয়ার আগে সুরক্ষিত ঋণদাতার ব্রাঞ্চে এসে নিলামে তোলা সম্পত্তিগুলি পরিদর্শন করে নিজস্ব অনুসন্ধান চালিয়ে সম্পত্তি সংক্রান্ত অতিরিক্ত চার্জ, দায়ভার ও অন্যান্য তৃতীয় পক্ষের স্বার্থ সম্পর্কে জেনে নিজে সন্তুষ্ট হয়ে নেওয়ার জন্য আগ্রহী বিডার/ক্রেতাদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে। সম্পত্তির ওপর নির্ধারিত সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল/জল কর ও অন্যান্য বিধিবদ্ধ বকেয়া সফল বিডারকেই প্রদান করতে হবে।
যথেষ্ট সময় হাতে থাকতেই সম্পর্কিত পোর্টালে আগ্রহী বিডারদের নাম রেজিস্টার করিয়ে নিতে হবে এবং ই–বিডিংয়ের জন্য বাধ্যতামূলক লগইন আইডি ও পাসওয়ার্ড নিলামের সার্ভিস প্রোভাইডার সি১ ইন্ডিয়া প্রাঃ লিঃ, ঠিকানা: প্লট নং ৬৮, চতুর্থ তল, গুরুগ্রাম, হরিয়ানা–১২২০০৩, হেল্পলাইন নম্বর: ৭২৯১৯৮১১২৪,২৫,২৬, সাপোর্ট ই–মেল আইডি: Support@bankeauctions.com, **যোগাযোগের ব্যক্তি: ধরণী পি, ই–মেল আইডি: dharani.p@c1india.com, যোগাযোগের নম্বর: ৯৯৪৮১৮২২২২**–এর থেকে সংগ্রহ করে নিতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, আগ্রহী বিডাররা কেবলমাত্র এঁদের থেকেই ই–নিলামের অনলাইন প্রশিক্ষণ নিতে পারবেন। ২৭.০৬.২০২৪ তারিখ বা তার আগে আগ্রহী ক্রেতা/বিডাররা বায়না অর্থাঙ্ক (ইএমডি) যে কোনও রাষ্ট্রায়ত্ত বা তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে এনইএফটি/আরটিজিএস/ডিডি রূপে 'Grihum Housing Finance Ltd.' (ব্যাঙ্কের নাম: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড; অ্যাকাউন্ট নম্বর: 000651000460; আইএফএস কোড: ICIC0000006, ২০, আর এন মুখার্জি রোড, কলকাতা–৭০০০০১)–এর অনুকূলে জমা দিয়ে https://www.bankeauctions.com ওয়েবসাইটে নিজেদের নাম রেজিস্টার করবেন এবং সার্ভিস প্রোভাইডারের থেকে বিনামূল্যে ইউজার আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করার পাশাপাশি ই–নিলামের ওপর প্রশিক্ষণও নিতে পারবেন। ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের নাম রেজিস্ট্রেশনের পরে আগ্রহী ক্রেতা/বিডাররা নিম্নলিখিত আপলোড করা নথিগুলি ই–মেলের মাধ্যমে প্রেরণ করবেন এবং এগুলির স্ব–স্বাক্ষরিত মুদ্রিত প্রতিলিপি জমা দেবেন এই ঠিকানায়: ঠিকানা: ৬ষ্ঠ তল, পারমার হাউজ, পি–৪, ডবসন লেন, ওয়ার্ড নং ১৪, নিউ হাওড়া ব্রিজ অ্যাপ্রোচ রোড, হাওড়া, পশ্চিমবঙ্গ–৭১১১০১, মোবাইল: +৯১ ৯৫৬৭৬২৬০৫০, ই–মেল আইডি: rahul.r1@poonawallahousing.com.
ই–নিলামে অংশগ্রহণে সম্পূর্ণ বিবরণ এবং নিয়ম এবং শর্তাবলীর জন্য https://www.bankeauctions.com এবং www.grihumhousing.com–এ ভিজিট করুন।
এই বিজ্ঞপ্তি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুল ২০০২ এর রুল ৮(৬) এর অধীনে ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতা/বন্ধকদাতা(গণ)/জামিনদাতা(গণ)–এর প্রতি ৩০ দিনের বিজ্ঞপ্তি হিসাবে বিবেচিত হবে।

তারিখ: ২৭.০৫.২০২৪, স্থান: কলকাতা
স্বা/– অনুমোদিত আধিকারিক, গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড (আগে পরিচিত ছিল পুনাওয়ালা হাউজিং ফিনান্স লিমিটেড নামে)

HINDUJA HOUSING FINANCE

**হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড**
কর্পোরেট অফিস: ১৬৭–১৬৯, ৩য় তল, লিটল মাউন্ট, সাইদাপেট, চেন্নাই–৬০০০১৫
শাখা অফিস: হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড, ৭/১, লর্ড সিনহা রোড, লর্ডস বিল্ডিং, একতলা, কলকাতা ৭০০০৭১

পরিশিষ্ট–IV–এ
[রুল নং ৮(৬)–এর সংস্থান দ্রষ্টব্য]

**নিলাম তথা বিক্রির প্রকাশ্য বিজ্ঞপ্তি (পরিশিষ্ট–IV এ) (রুল ৮(৬))**

**হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড** (এইচএইচএফ), কর্পোরেট অফিস: ১৬৭–১৬৯, ৩য় তল, লিটল মাউন্ট, সাইদাপেট, চেন্নাই–৬০০০১৫, শাখা অফিস: **হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড,** ৭/১, লর্ড সিনহা রোড, লর্ডস বিল্ডিং, একতলা, কলকাতা ৭০০০৭১–এ **সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (অ্যাক্ট)**–এর অধীনে বন্ধকী স্থাবর সম্পত্তি বিক্রি। যেহেতু এইচএইচএফ–এর অনুমোদিত আধিকারিক (এও) হিসেবে অ্যাক্ট–এর ১৩(২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে বর্ণিত সম্পত্তিগুলির দখল নিয়েছেন **টাঃ ১৭,৬৯,৩০৬/–** বকেয়া উশুলের জন্য **'যেখানে যেমন আছে ও যা আছে তা আছে'** ভিত্তিতে বিক্রির অধিকার সমেত। বিক্রি হবে নিম্নস্বাক্ষরকারী দ্বারা নিলাম মারফত।

| | ঋণগ্রহীতাগণ/ সহ ঋণগ্রহীতাগণ/ জামিনদারগণ ও লোন এসি নং | দাবি বিজ্ঞপ্তির তারিখ ও বকেয়া | স্থাবর সম্পত্তি/ জামিন সম্পত্তির বিবরণ | প্রতীকী দখলের তারিখ | সংরক্ষিত মূল্য | সম্পত্তি পরিদর্শনের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ১.<br>২. | দিলীপ চক্রবর্তী লোন এসি নং WB/KLK/KLKT/A000000244<br>মিসেস মিতা চক্রবর্তী লোন এসি নং WB/KLK/KLKT/A000000244 | ১১.১০.২০২১ ১৭,৬৯,৩০৬/– (সতেরো লাখ উনসত্তর হাজার তিনশো ছয় টাকা)<br>বিড বৃদ্ধির অঙ্ক ১০,০০০/– | প্রফুল্লনগর, হাবড়া–১, প্রফুল্লনগর পশ্চিমপাড়া ক্লাব, উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ ৭৪৩২৬৮। ০২ কাঠা জমি ও তদুপরি বিল্ডিংয়ের সমগ্র অংশ, মৌজা বাঁশপুল, আর এস দাগ নং ২১৯৭, খতিয়ান নং ৩২৩/১, থানা অশোকনগর, জে এল নং ৩২, তৌজি নং ১৪, ওয়ার্ড নং ০৯, জেলা উত্তর ২৪ পরগণা। | ২৪.০২.২০২২<br>₹১৭,৬৯,৩০৬/– (সতেরো লাখ উনসত্তর হাজার তিনশো ছয় টাকা) তারিখে মোট বকেয়া ₹২৮,০০,০০০/– (আটাশ লাখ টাকা) | ₹২৮৪১৩০০/– (আটাশ লাখ একচল্লিশ হাজার তিনশো টাকা)<br>বায়না জমা (ইএমডি) ₹২৮৪১৩০/– | ২৭.০৫.২০২৪<br>ইএমডির শেষ তারিখ ২৯.০৬.২০২৪<br>নিলামের তারিখ ও সময়: ৩০.০৬.২০২৪, বেলা ১১ টা থেকে ৪টে। ১১০০ ঘ. – ১৩০০ ঘ. হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড, লর্ডস বিল্ডিং, লর্ড সিনহা রোড, একতলা, কলকাতা ৭০০০৭১। |

**প্রদান ধরন:** সব প্রদান করতে হবে ডিমান্ড ড্রাফট/পিও দ্বারা হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড–এর কলকাতার অনুকূলে

**নিলামের নিয়ম এবং শর্তাবলী:**

১. সম্পত্তিটি যেখানে আছে, যা কিছু আছে এবং যেভাবে আছে এবং কোনও রিকোর্স ছাড়া ভিত্তিতে বিক্রয় হবে। বিক্রয়টি কোনও ওয়ারান্টি এবং দায় ছাড়া।
২. সম্পত্তি/অ্যাসেটের বিবরণ (যথা নিলাম বিক্রয় নোটিসে বর্ণিত মাপের তথ্য সুরক্ষিত ঋণদাতার সর্বাধিক জ্ঞানের ভিত্তিতে এবং সুরক্ষিত ঋণদাতা কোনও ভুল, ভুল তথ্য অথবা বাদের ক্ষেত্রে কোনও উত্তর দেবেন না। বাস্তবিক মাপ পরিবর্তন হতে পারে।
৩. জামিনযুক্ত ঋণদাতা প্রদত্ত নিলাম বিক্রি বিজ্ঞপ্তি হল জনসাধারণকে বিড জমার আহ্বান, যা জামিনযুক্ত ঋণদাতার কোনও প্রতিশ্রুতি বা প্রতিনিধিত্ব নয়। আগ্রহী বিডারদের নিজস্ব বিড দাখিল করতে হবে জামিনযুক্ত ঋণদাতার কাছে স্বত্ব দলিল খতিয়ে দেখে ও সম্পত্তি বিষয়ক হাল খবর ও দায়/বকেয়া বিষয়ক তথ্যাদি জেনে।
৪. নিজের পছন্দের স্থান থেকে নিলামে অংশ নিতে পারেন। ইন্টারনেট সংযোগ বিডদাতাকে সুনিশ্চিত করতে হবে। জামিনযুক্ত ঋণদাতা/ পরিষেবাদাতা ইন্টারনেট সংযোগ, নেটওয়ার্ক সমস্যা, নিজ সিস্টেম ক্র্যাশ ও বিদ্যুৎ বিভ্রাট–এর জন্য দায়ী থাকবে না।
৫. নিলামে অংশ নিতে আগ্রহী বিডারদের (উক্ত) সংরক্ষিত মূল্যের ১০ % বায়নাজমা দিতে হবে ডিমান্ড ড্রাফট/চেক দ্বারা 'হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড'–এর অনুকূলে ২৬.০৬.২০২৪–এর মধ্যে।
৬. আগ্রহী বিডারদের ডিমান্ড ড্রাফটের রসিদ সহ পূরণ করা বিড ফরম সিল করা খামে অনুমোদিত অফিসার, এইচএইচএফ, রিজিওনাল অফিস হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড, ৭/১, লর্ড সিনহা রোড, লর্ডস বিল্ডিং, একতলা, কলকাতা ৭০০০৭১–এ পাঠিয়ে দিতে হবে ২৫ জানুয়ারি ২০২৩ বেলা ০৩.০০ টের মধ্যে। সিল করা খামের ওপরে লিখতে হবে ' নিলাম বিক্রিতে অংশ নেওয়ার বিড, লোন এনি নং WB/KLK/KLKT/A000000044 (উক্ত), সম্পত্তি দিলীপ চক্রবর্তী–এর', সঙ্গে বিশদ ১) বিডার/কোম্পানি/সংস্থার নাম ২) প্যান কপি ৩) মোবাইল নং ৪) ই মেল ৫) ঠিকানার প্রমাণ।
৭. ইএমডি সহ বিড জমার শেষ তারিখের পর অনুমোদিত অফিসার প্রাপ্ত বিড পরীক্ষা করবেন ও সফল বিডার নিশ্চিত করবেন (সংরক্ষিত মূল্যের চেয়ে বেশি দরদাতা ও ইএমডি জমাকারীগণ)।
৮. বিড জমা দিলে তা বাতিল বা প্রত্যাহার করা যাবেনা। বিডারকে দেওয়া ইউজার আইডি থেকে সকল বিড তাকে একাই করতে হবে।
৯. নিলাম শেষে সর্বোচ্চ বিডদাতা ই মেলে দর জানাবেন অনুমোদিত অফিসার রেণু রায় (আর এল এম)–কে, রিজিওনাল অফিস, ৭/১, লর্ড সিনহা রোড, লর্ডস বিল্ডিং, একতলা, কলকাতা ৭০০০৭১–এ।
১০. বিডিং শেষ হওয়ার নির্ধারিত সময়ের পর সর্বাধিক দরদাতা সফল বিডার হিসেবে বিক্রয়মূল্যের ২৫% জমা দেবেন ওই দিনই ও ৭৫% জমা দেবেন ১৫ দিনের মধ্যে হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুকূলে ডিডি/পে অর্ডার মারফত।
১১. মেয়াদে টাকা প্রদানে ব্যর্থ হলে বিক্রি বাতিল হবে ও জমা টাকা বায়না সহ বাজেয়াপ্ত করা হবে বা ফের নিলাম হবে সম্পত্তি।
১২. বকেয়া টাকা প্রদানে অনুমোদিত অফিসার লিখিত ভাবে সময় বাড়াতে পারেন।
১৩. জমা করার ক্ষেত্রে ১% টিডিএস কাটার দায়িত্ব সফল বিডদাতাদের মাধ্যমে জমা করতে হবে এবং টিডিএস সার্টিফিকেট ইস্যু করা হবে ই–নিলামের ১৫ দিনের মধ্যে বা বাড়তি সময়সীমার মধ্যে, নচেত বায়না সহ টাকা বাজেয়াপ্ত করা হবে ।
১৪. পুর/পঞ্চায়েত কর, বিদ্যুৎ বকেয়া ও অন্য বকেয়া থাকলে সেল শংসাপত্র ইসুর আগে সফল ক্রেতা তা মেটাবেন। সব বিধিবদ্ধ বকেয়া মেটালে বিড গ্রাহ্য হবে।
১৫. বকেয়া ও কর সহ সব প্রদানের পর বিক্রয় শংসাপত্র ইস্যু করা হবে।
১৬. সংশ্লিষ্ট সম্পত্তি সংক্রান্ত যাবতীয় বিধিবদ্ধ দায়, রেজিস্ট্রেশন চার্জ, স্ট্যাম্প ডিউটি, ট্যাক্সসমূহ ইত্যাদির মতো বকেয়া খরচাপাতি সফল ক্রেতাকেই বহন করতে হবে।
১৭. অনুমোদিত অফিসার কারণ না দেখিয়ে নিলাম বাতিল করতে পারেন। তখন বিক্রির ৩০ দিনের মধ্যে পরের নিলাম হবে।
১৮. অনুমোদিত অফিসারের সিদ্ধান্ত চূড়ান্ত ও প্রশ্নাতীত।
১৯. নিলামের নিয়ম এবং শর্তাবলী সকল বিডদাতা মন দিয়ে পড়বেন।
২০. বাড়তি বিশদের জন্য যোগাযোগ: হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত অফিসার রেণু রায় (আর এল এম)– মো নং ৯৯৫৫৪৬৫০৪৩। (সিএলএম) মো – ৭৪৭৭৮৫৮১৮৫।
২১. সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) অনুযায়ী উক্ত লোন এসির দেনদার/বন্ধকদাতা/জামিনদারকে উক্ত তারিখে ও স্থানে নিলামের ব্যাপারে এটি ৩০ (ত্রিশ) দিনের বিজ্ঞপ্তি।

**স্থান: কলকাতা**
**তারিখ: ২৭.০৫.২০২৪**

**অনুমোদিত অফিসার**
**রেণু রায় (আর এল এম)**

**বিশেষ নির্দেশাবলী– একেবারে শেষ মিনিট কিংবা অন্তিম সেকেন্ডে কিংবা শেষ মুহূর্তে বিড করাটা বিডারদের নিজেদের স্বার্থেই উচিত নয়। হিন্দুজা হাউজিং ফিনান্স লিমিটেড কিংবা পরিষেবা প্রদানকারী সংস্থা ভেন্ডরের কোনও প্রকার বিচ্ছিন্নতার জন্য দায়ী থাকবেন না। এই ধরনের আপৎকালীন পরিস্থিতি এড়ানোর জন্য দরদাতাদের যথাযথ ব্যবস্থা নিয়ে রাখার জন্য আগাম সতর্কিত করা হচ্ছে যাতে তাঁরা নিরবচ্ছিন্ন এবং সফলভাবে এই নিলাম বিক্রয়ে অংশ নিতে পারেন।**